

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
 ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
 ডিএসএল শাখা-২।

নং- অম/অবি/ডিএসএল-২/০৬/১২৪/৩২২

তারিখঃ ১২ জুন ২০০৭ খ্রিঃ।

বিষয়ঃ ১০ জুলাই, ২০০৭ এর মধ্যে ট্রেজারী চালানের কপি ডিএসএল অধিশাখায় প্রেরণ নিশ্চিত করণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ডিএসএল সংশ্লিষ্ট প্রত্যেক প্রতিষ্ঠানের ক্রেডিট লাইনভিত্তিক ২০০৭-২০০৮ অর্থ বছরের ডিএসএল হিসাব হালনাগাদ করে প্রাক্কলিত ডিএসএল হিসাব এর পুস্তিকা প্রকাশের সুবিধার্থে নিম্নলিখিত বিষয়গুলো জরুরীঃ

- ১। পরিশোধসূচি অনুসারে ক্রেডিট লাইনভিত্তিক সরকারের পাওনা পরিশোধকরণ;
- ২। ডিএসএল এর স্থানীয় ঋণের সুদ-১৬১১ খাতে এবং বৈদেশিক ঋণের সুদ-১৬২১ খাতে ও স্থানীয় ঋণের আসল-৩৮০১ খাতে এবং বৈদেশিক ঋণের আসল -৩৮২১ খাতে ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধকরণ;
- ৩। আগামী ১০ জুলাই ২০০৭ এর মধ্যে চলতি বছরের সকল ট্রেজারী চালানের কপি অর্থ বিভাগের ডিএসএল অধিশাখায় প্রেরণ নিশ্চিতকরণ;
- ৪। ট্রেজারী চালানের কপিসমূহ সংশ্লিষ্ট জেলা হিসাবরক্ষণ অফিসার কর্তৃক আবশ্যিকভাবে যাচাইকরণ পূর্বক প্রেরণ।

এমতাবস্থায়, বিষয়টির গুরুত্ব অনুধাবন করে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

স্বাঃ
 (শেখ মোহাম্মদ সলীম উল্লাহ)
 সিনিয়র সহকারী সচিব
 ফোনঃ ৯৫৭০৬৪২

প্রাপকঃ ১। গভর্নর

বাংলাদেশ ব্যাংক।

২। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক

.....

..... (ডিএসএল সংশ্লিষ্ট সকল স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা)।

৩। প্রধান নির্বাহী অফিসার

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা সিটি কর্পোরেশন।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'লঃ

১। সচিব

.....মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট সকল)।

২। যুগ্ম-সচিব (সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ।

৩। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।